| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |
| ২৯. | বকেয়া গ্যাস বিল পরিশোধ<br>ভৈরব উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বিভিন্ন সরকারি আবাসিক কোয়ার্টারের নিকট গ্যাস বিল পাওনা রয়েছে মর্মে দেখা যায়। উপজেলা প্রকৌশলীকে আবাসিক কোয়ার্টারের লেজার নম্বর চিহ্নিত করে বকেয়া গ্যাস বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলীকে আবাসিক কোয়ার্টারের লেজার নম্বর চিহ্নিত করে বকেয়া গ্যাস বিল বকেয়া পরিশোধের ব্যবস্থা করবে | ◻ উপজেলা প্রকৌশলী<br>◻ সহকারী প্রকৌশলী, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি., জোবিঅ-ভৈরব |
| ৩১. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ ও জাইকার সহযোগিতায় সক্ষমতা উপ-প্রকল্প বাবদ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। যার মাধ্যমে সক্ষমতা উন্নয়নের জন্য সিলেকশন কমিটির মাধ্যমে অগ্রাধিকার যাচাই-বাছাই করে ৬টি উপ-প্রকল্প নিম্নরুপ:<br>১। করোনাকালীন সময়ে বেকার যুবদে কর্মসংস্থান ও আয়বৃদ্ধিকল্পে আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ।<br>২। পাদুকা শিল্পের উপর দক্ষ জনশক্তি তৈরী ও আয়বৃদ্ধির লক্ষ্যে আশ্রয়ণ প্রকল্প ও এলাকার অসহায় নারী পুরুষদের প্রশিক্ষণ<br>৩। উদ্যোক্তা তৈরীর লক্ষ্যে বেকার যুব নারীদের আর্টিফিশিয়াল ফুল তৈরী বিষয়ক প্রশিক্ষণ।<br>৪। নির্মাণ শ্রমিক (রাজমিস্ত্রি, রড মিস্ত্রি, রংমিস্ত্রি ও ইলেকট্রিকমিস্ত্রিদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ।<br>৫। কোভিড-১৯ মহামারীতে আর্থিক মন্দা উত্তরণে মহিলাদের হস্তশিল্প (চটের কাজ) তৈরী বিষয়ক প্রশিক্ষণ।<br>৬। খামারী পর্যায়ে আধুনিক মাছচাষ (বায়ুফ্লক, আরএএস ও বটমিক রেসওয়ে) পদ্ধতি সম্পর্কে দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ। | সর্বসম্মতিক্রমে প্রয়োজনীয় ও যুক্তিসংগত হওয়ায় উপজেলা মাসিক সাধারণ সভায় ৬টি উপ-প্রকল্প অনুমোদন করা হয়। | ◻ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>◻ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ ও জাইকার সহযোগিতায় অবকাঠামো উপ-প্রকল্প বাবদ ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। যার মাধ্যমে অবকাঠামো উন্নয়নের জন্য সিলেকশন কমিটির মাধ্যমে অগ্রাধিকার যাচাই-বাছাই করে ৩টি উপ-প্রকল্প নিম্নরুপ:<br>১। আগানগর ইউনিয়নের গকুলনগর বাজার ও বেপারী বাড়ি মোড়ে জলাবদ্ধতা দূরীকরণে আরসিসি ড্রেন নির্মাণ।<br>২। প্রাণিসম্পদ অফিসে উর্দ্ধমুখী সম্প্রসারণের মাধ্যমে ভেটেরিনারী মিনি ডায়গনোস্টিক ল্যাবরেটরী নির্মাণ।<br>৩। ভবানীপুর সোলাইমানপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ক্লাসরুম নির্মাণ। | সর্বসম্মতিক্রমে প্রয়োজনীয় ও যুক্তিসংগত হওয়ায় উপজেলা মাসিক সাধারণ সভায় ৩টি উপ-প্রকল্প অনুমোদন করা হয়। | ◻ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>◻ উপজেলা নির্বাহী অফিসার |

২৬/৮/২১

মোঃ সায়দুল্লাহ মিয়া
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভৈরব, কিশোরগঞ্জ

